52

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 23 DF ... 1998 ...
পৃষ্ঠা ৪ কলাম ৫ ......

# বেসরকারী কলেজ শিক্ষকদের পদোন্নতি প্রসঙ্গে

বেসরকারী কলেজ শিক্ষকদের প্রভাষক হইতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি বর্তমানে আট বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতার ভিত্তিতে দেওয়া হয়। এই জন্য (১) প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ছিল কিনা, (২) স্নাতক সম্মান এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রার্থীর ন্যূনতম দ্বিতীয় শ্রেণী ছিল কিনা, (৩) প্রার্থী পাস কোর্সের হইলে স্নাতক অথবা স্নাতকোত্তর পরীক্ষার যেকোনও একটিতে প্রথম শ্রেণী আছে কিনা, (৪) প্রার্থী সংশ্লিষ্ট কলেজে ডিগ্রী পর্যায়ে পাঠদান করেন কিনা ইত্যাদি বিষয় বিবেচনা না করিয়া শুধুমাত্র শিক্ষকতার বয়স আট বৎসর পূর্ণ হইলে কলেজের সৃষ্টপদের মাত্র এক-তৃতীয়াংশদের পদোন্নতি দেওয়া হয়। যাঁহারা সংশ্লিষ্ট কলেজের এক-তৃতীয়াংশের কোটায় পড়েন না, তাঁহাদের সহকারী অধ্যাপক পদে পদোন্নতি না দিয়া এক ধাপ নিচের গ্রেডের স্কেলে বেতনের সরকারী অংশ প্রদান করা হয়। বর্তমানে বেসরকারী কলেজে সহযোগী অধ্যাপকের পদ সৃষ্টি এবং উক্ত পদে পদোন্নতির প্রক্রিয়া চলিতেছে বলিয়া শোনা যাইতেছে। সহকারী অধ্যাপক পদের মত যদি সহযোগী অধ্যাপক পদেও শুধু আট বৎসরের জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি দেওয়া হয়, তাহা হইলে জ্যেষ্ঠতা এবং কোটা নির্ধারণের কারণে মেধাবী শিক্ষকেরা পদোন্নতি হইতে বঞ্চিত হইবেন। এমনকি পেশার প্রতিও বীতশ্রদ্ধ হইয়া পড়িবেন। বিষয়টির প্রতি গুরুত্ব দিবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—জনৈক প্রভাষক